সাধারণ

- অবশ্যই একটি DOHMH খাদ্য পরিষেবা প্রতিষ্ঠান এর অনুমতি সমেত গ্রাউন্ড ফ্লোর বা একতলায় ইঁটের এবং চুন, বালি, জল মিশ্রিত পাকা ইমারতের রেস্টুরেন্ট বা বার হতে হবে
- কেবলমাত্র ব্যবসাটির সামনের সরাসরি সাইডওয়াক এবং রোডওয়ের চত্বরগুলি ব্যবহার করা যেতে পারে
- NYC এর উন্মুক্ত রেস্টুরেন্টের আবেদন ব্যক্তিগত সম্পত্তির (অর্থাৎ বাড়ির পিছনের অংশ, আঙ্গিনা ইত্যাদি) মধ্যে অন্তর্ভুক্ত জায়গার ব্যবহারআওতাভুক্ত করে না
- অবশ্যই ADA মেনে চলতে হবে
- আবেদনকারীদের সমস্ত টেবিল, চেয়ার, বেড়া বা প্রতিবন্ধক এবং র‍্যাম্প প্রদান করতে হবে। কোনও কিছুই রোডওয়ে বা সাইডওয়াকে স্থায়ীভাবে লাগানো যাবে না।
- টেবিল এবং চেয়ারগুলি ব্যবহার না করাকালীন সরিয়ে রাখতে হবে অথবা কোনও নির্দিষ্ট স্থানে নিরাপদভাবে রেখে দিতে হবে

কার্যকালের সময়সীমা

- সোমবার-শনিবার: 8 AM to 11 PM
- রবিবার: 10 AM to 11 PM
- এই কাজের সময়ের বাইরে চলা ব্যবসাগুলিতে যে কাজের সময় আছে সেগুলি খোলা থাকতে পারে এবং তখনও নিন এবং নিয়ে চলে যান পদ্ধতি অবলম্বন করতে পারে, তবে এই সময়ের বাইরে খরিদ্দাররা বসতে পারবে না

কর্মসূচির তারিখ (যদি না সিটি পরিবর্তিত সূচি প্রদান করে)

- 31শে অক্টোবর, 2020 পর্যন্ত সাইডওয়াক
- ৪ই সেপ্টেম্বর, 2020 পর্যন্ত রোডওয়ে

আবেদন

- ওয়েবসাইট: **nyc.gov/openrestaurants**
- ব্যবসাটি যে আবেদনে উল্লেখিত সমস্ত আবশ্যিক শর্ত মেনে চলছে সেই বিষয়ে তাকে আত্ম-শংসায়িত করতে হবে
- ব্যবসাটির মদ পরিবেশনের অভিপ্রায় থাকলে, প্রতিষ্ঠানটি প্রয়োজনীয় SLA এর তথ্য প্রদান করলে, দোকানের মধ্যে লাইসেন্স সম্প্রসারণের উদ্দেশ্যে NY স্টেট লিকার কর্তৃপক্ষ (State Liquor Authority, SLA) এর কাছে NYC এর উন্মুক্ত রেস্টুরেন্টের আবেদনটি ওয়ান-স্টপ-শপ হয়। জমা দেওয়ার অবিলম্ব পরেই ব্যবসাটিকে অনুমতি দেওয়া হবে অথবা অস্বীকার করা হবে
- সিটি অনুমতিপত্র অনুমোদন করে একটি শংসাপত্র/প্রিন্ট আউট দেবে

স্বাস্থ্য

- ব্যবসাগুলিকে অবশ্যই মেনে চলতে হবে, স্টেট এবং সিটির সমস্ত স্বাস্থ্য সম্বন্ধীয় প্রয়োজনীয়তা
- **আউটডোর এবং টেকআউট ডেলিভারি সম্বন্ধে DOHMH এর নির্দেশিকা**
- **নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের বহিরঙ্গনের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা**
- জনসাধারণকে অবশ্যই "প্রধান চার"টি অনুসরণ করতে হবে:
  1. **একটি মাস্ক পরুন**
  2. **অসুস্থ বোধ করলে বাড়িতে থাকুন**
  3. **লোকের সঙ্গে 6' দূরত্ব বজায় রাখুন**
  4. **হাত ধুয়ে নিন**

অতিরিক্ত সংস্থান

- **ছোট ব্যবসা পরিষেবাদির হটলাইন: 888-SBS-4NYC**

  সিটি ছোট ব্যবসার মালিকদের পুনরায় খোলার জন্য প্রস্তুতির সময় তাদের তরফ থেকে সবথেকে বেশি উঠে আসা প্রশ্নগুলির জন্য একটি ছোট ব্যবসার হটলাইন চালু করেছে। ছোট ব্যবসার আইনজীবী এবং অনুবর্তীতার উপদেষ্টারা হটলাইনটি নিরীক্ষণ করবেন এবং ব্যবসার মালিকদের সাথে শেয়ার করার জন্য সর্বশেষ নির্দেশিকা এবং নিয়মবিধিগুলি সমেত তৎপর থাকবেন। হটলাইনে যোগাযোগ করতে 888-SBS-4NYC
  অথবা 888-727-4692 নম্বরে ডায়েল করুন।

উন্মুক্ত রেস্টুরেন্টের প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

NYC এর রেস্টুরেন্ট পুনরায় খোলার গাইড

COVID-19 প্রকোপের প্রতিক্রিয়ায় লাইসেন্সপ্রাপ্ত দোকানগুলিতে আউটডোর ব্যবস্থার সম্প্রসারণ বিষয়ক NY স্টেট লিকার কর্তৃপক্ষের নির্দেশিকা

শারীরিক এনহ্যান্সমেন্ট এবং বহনযোগ্য আসবাব সমেত প্রয়োজনীয় জিনিসের মার্কেটপ্লেস পুনরায় খোলা

এই লিঙ্কগুলি **nyc.gov/openrestaurants**-তে পাওয়া যেতে পারে

NYC

উন্মুক্ত রেস্টুরেন্ট

বসার ব্যবস্থার মানদণ্ড

নিউ ইয়র্ক সিটি রেস্টুরেন্ট শিল্পের পুনরুদ্ধারের সময় তাদের সহযোগিতা করতে উন্মুক্ত রেস্টুরেন্টগুলির কর্মসূচি তৈরি করেছে, তবে ডাইনার্স, রেস্টুরেন্টের কর্মচারী এবং অন্যান্য রাস্তার ব্যবহারকারীদের নিরাপত্তা প্রধান গুরুত্ব পেয়েছে। উপরন্তু, প্রতিবন্ধী আমেরিকানদের আইন (Americans with Disabilities Act, ADA) এর প্রয়োজনীয়তা অনুযায়ী এই ডাইনিংয়ের বিকল্পগুলিকে অবশ্যই সমস্ত নিউ ইয়র্কবাসীর প্রবেশযোগ্য করতে হবে। কর্মসূচিতে অংশগ্রহণ করতে রেস্টুরেন্ট মালিকদের কর্মসূচির সমস্ত আবশ্যিক শর্ত মেনে চলতে হবে অথবা অনুমতি প্রত্যাহারের সম্মুখীন হতে হবে।

সাইডওয়াকে বসার ব্যবস্থা

- বসার ব্যবস্থা এবং টেবিলগুলি অবশ্যই ব্যবসাটির দেওয়াল ঘেঁষে অথবা যতটা কাছাকাছি সম্ভব ততটা কাছাকাছি রাখতে হবে
- পথচারীদের জন্য অবশ্যই একটি 8' এর পরিষ্কার পথ ছেড়ে দিতে হবে
- সংলগ্ন ব্যবসার থেকে অন্ততপক্ষে 3' দূরত্ব বজায় রাখতে হবে
- ইউটিলিটি হার্ডওয়্যার অথবা সিয়ামিজ জলের সংযোগ আটকানো যাবে না
- বাস স্টপের অপেক্ষা করার এলাকা আটকানো যাবে না
- পরিষ্কার পথের উদ্দেশ্যে, পার্কিং মিটার, ট্রাফিক চিহ্ন এবং ফ্লাস গ্রান্টিং (গাছের গার্ড ব্যতীত) সমেত গাছের গর্ত এক্ষেত্রে ব্যতিক্রম। অন্যান্য সমস্ত উপরের গ্রেডের পরিকাঠামোগুলি প্রতিবন্ধক বলে বিবেচিত

রোডওয়েতে বসার ব্যবস্থা

রেস্টুরেন্টগুলিকে অবশ্যই:

- বসার জায়গাটিকে যাতায়াতের লেন থেকে আলাদা করতে সেই ব্যবস্থার চতুঃসীমার যে তিনদিক রোডসাইডে পরে সেখানে প্ল্যান্টার অথবা একই আকার এবং ওজনের বস্তুর মতো জিনিস দিয়ে একটি প্রতিরক্ষামূলক বেড়া তৈরি করতে হবে। মোটরসাইকেল আরোহীদের জন্য দেখার ব্যবস্থা করতে এবং খরিদ্দারদের সুরক্ষা দিতে, রোডওয়েতে পড়েছে এমন তিনটি দিকের প্রতি পার্শ্বে এই ধরনের প্রতিবন্ধকগুলির প্রস্থ (প্ল্যান্টিং ব্যতীত) অন্ততপক্ষে 18" এবং উচ্চতা 30–36" হতে হবে(বসার মানদণ্ডের ডায়াগ্রাম দেখুন)
- এই ধরনের প্রতিবন্ধকগুলি সরাসরি পরস্পরের সংলগ্ন অবস্থানে রাখতে হবে (কোনো ফাঁক না দিয়ে) এবং বাঁধানো কিনারা থেকে 8' এর বেশি দূরে রাখা যাবে না (বসার মানদণ্ডের ডায়াগ্রাম দেখুন)
- রাতেও যাতে বেড়াগুলি খরিদ্দাররা পরিষ্কারভাবে দেখতে পান তার জন্য সমস্ত বেড়াগুলিকে হলুদ রঙের সুতীব্র রেট্রো-রিফ্লেক্টিভ টেপ অথবা রিফ্লেক্টর দিয়ে স্পষ্টভাবে চিহ্নিত করতে ভুলবেন না (বসার মানদণ্ডের ডায়াগ্রাম দেখুন)
- ADA মেনে চলার জন্য একটি র‍্যাম্প প্রদান করতে হবে, যা অস্থায়ী উপকরণগুলি দিয়ে তৈরি হতে পারে
- কোনো ফায়ার হাইড্রেন্টের 15' এর মধ্যে বসার ব্যবস্থা অথবা প্রতিবন্ধক রাখা যাবে না। এটি করলে আপনার সতীর্থ নিউ ইয়র্কবাসীদের জন্য অগ্নি সুরক্ষা বিপন্ন হবে
- নিরাপদভাবে গাড়িগুলি যাতে বাঁক নিতে পারে এবং জ্যামজট সৃষ্টি এড়াতে পারে, তার জন্য কোনো ক্রসওয়াকের 8' এর মধ্যে বসার ব্যবস্থা অথবা প্রতিবন্ধক রাখা যাবে না
- এমন কোনো আলোর ব্যবস্থা করা যাবে না যা অতিক্রম করা যানবাহনের চোখ ধাঁধিয়ে দেয়

NYC এর উন্মুক্ত রেস্টুরেন্টগুলি: বসার ব্যবস্থার মানদণ্ড



- নো স্টপিং এনিটাইম অথবা নো স্ট্যান্ডিং এনিটাইম এর জোন, বাইকের লেন, বাসের লেন/স্টপ, ট্যাক্সির স্ট্যান্ড অথবা গাড়ি শেয়ারের জায়গার মধ্যে কোনো বসার ব্যবস্থা করা যাবে না। *ব্যতিক্রম: পার্ট-টাইমের জন্য নো স্টপিং অথবা নো স্ট্যান্ডিং জোনগুলিতে নিয়মগুলি কার্যকর না থাকাকালীন সময়ে বসার ব্যবস্থা করা যেতে পারে। নো স্টপিং অথবা নো স্ট্যান্ডিং-এ নিয়মবিধি কার্যকর থাকাকালীন প্রতিবন্ধক এবং বসার আসন অবশ্যই রোডওয়ে থেকে সরিয়ে নিতে হবে।)*
- কেবলমাত্র ওজনদার ভিত সমেত ছাতাগুলি ব্যবহার করতে হবে, তবে এই ধরনের ছাতাগুলি প্রতিবন্ধক অতিক্রম করতে অথবা ইউটিলিটির ঢাকনাগুলির অ্যাক্সেসে বাধা দিতে অথবা বায়ু চলাচলে বাধা দিতে পারবে না
- সাইডওয়াক দিয়ে রোডওয়েতে বসার জায়গা পর্যন্ত পাওয়ার কর্ড অথবা অন্যান্য জিনিস ছড়িয়ে নিয়ে যাওয়ার অনুমতি নেই
- টেবিল এবং চেয়ারগুলি ব্যবহার না করাকালীন সরিয়ে রাখতে হবে অথবা সেগুলি কোনও নির্দিষ্ট স্থানে নিরাপদভাবে রেখে দিতে হবে
- NYC এর অগ্নি বিভাগ এর উন্মুক্ত শিখা এবং অন্যান্য প্রযোজ্য আগুনের আচরণবিধিগুলি মেনে চলতে হবে

রেস্টুরেন্ট মালিক

- এক মিটারের আওতাভুক্ত জোন, বিকল্প সাইড পার্কিং অথবা কোনো সময়ই পার্কিং নয় এমন স্থানগুলির মধ্যে প্রতিবন্ধকগুলি রেখে যেতে পারেন, তবে পরিচালনা না হওয়াকালীন সেই টেবিল এবং চেয়ারগুলি সরানো হয়েছে অথবা নিরাপদভাবে রাখা হয়েছে কিনা তার সাপেক্ষে বিবেচিত
- যেখানে বাঁধানো কিনারার পাশে বসার ব্যবস্থা অনুমোদিত, সেখানে ADA এর অনুবর্তিতা সহজতর করে কিনারার সাথে উচ্চতা স্পষ্ট করতে প্রয়োজনীয় প্রতিবন্ধকের পিছনে একটি প্ল্যাটফর্ম বানাতে পারেন, যাতে কিনারাটির কারণে হোঁচট খেয়ে বিপদ না হয় এবং বসার ব্যবস্থার তলা দিয়ে নর্দমাগুলি যাওয়ার সুযোগ থাকে
  - — এই ধরনের প্ল্যাটফর্মগুলি কিনারা দিয়ে বৃষ্টির জলের নিষ্কাশন অথবা কিনারার পাশ দিয়ে প্রবাহ আটকাবে না
  - — এই ধরনের প্ল্যাটফর্মগুলি ইউটিলিটির ঢাকনাগুলির অ্যাক্সেসে বা বায়ু চলাচলে বাধা দেবে না